# শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) স্বাক্ষর

২৬ জুলাই ২০২০ তারিখে ভার্চুয়াল প্লাটফর্ম (zoom apps) এর মাধ্যমে শিল্প মন্ত্রণালয়ের সাথে আওতাধীন দপ্তর/সংস্থার ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) স্বাক্ষরিত হয়। শিল্প মন্ত্রণালয়ের সচিব জনাব কে এম আলী আজম মহোদয়ের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে শিল্প মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি এবং বিশেষ অতিথি হিসেবে মাননীয় শিল্প প্রতিমন্ত্রী জনাব কামাল আহমেদ মজুমদার এমপি উপস্থিত ছিলেন। এসএমই ফাউন্ডেশনসহ শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার প্রধানগণ ভার্চুয়াল প্লাটফর্মের মাধ্যমে সভায় অংশগ্রহণ করেন।

০২. শিল্প মন্ত্রণালয়ের এপিএ টিম প্রধান জনাব সালাহউদ্দিন মাহমুদ, অতিরিক্ত সচিব (জাস, সমন্বয় ও প্রওম) স্বাগত বক্তব্যের মাধ্যমে অনুষ্ঠান শুরু করেন। অত:পর ড. মোঃ সাইফুল ইসলাম, উপসচিব (প্রওম) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন। পরবর্তীতে মন্ত্রণালয়ের সাথে আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানগণের মধ্যে বিসিক এর চেয়ারম্যান জনাব মোঃ মোশতাক হাসান, এনডিসি এবং এসএমই ফাউন্ডেশন এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ সফিকুল ইসলাম বক্তব্য প্রদান করেন।

০৩. এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ সফিকুল ইসলাম তাঁর বক্তব্যে বলেন এই এপিএ স্বাক্ষর মন্ত্রণালয়ের সাথে দপ্তর/সংস্থাসমূহের মধ্যে সরাসরি যোগাযোগ ও কার্যক্রমে গতিময়তা আনবে এবং জবাবদিহিতা সৃষ্টিতে বিশেষ ভূমিকা রাখবে। তিনি জানান, এসএমই ফাউন্ডেশনের দক্ষ কর্মকর্তাবৃন্দের নিরলস পরিশ্রম ও মন্ত্রণালয়ের প্রয়োজনীয় সহযোগিতার ফলে বিগত অর্থবছরে সন্তোষজনকভাবে এপিএ বাস্তবায়ন করা সম্ভব হয়েছে এবং এসএমই ফাউন্ডেশন ২০১৮-১৯ অর্থবছরে মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থাসমূহের মধ্যে দ্বিতীয় স্থান অর্জন করেছে। বর্তমান সময়ে ফাউন্ডেশনের আয়ের একমাত্র উৎস এনডাউমেন্ট ফান্ডের সুদের হার হ্রাস পাওয়ার ফলে এসএমই ফাউন্ডেশনের ফান্ডের অপ্রতুলতার বিষয়ে তিনি শিল্প মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের সানুগ্রহ দৃষ্টি কামনা করে প্রয়োজনীয় ফান্ড সংকুলানের বিষয়ে ব্যবস্থা গ্রহণের সবিনয় অনুরোধ জানান। এসএমই উদ্যোক্তা সৃষ্টি ও উন্নয়নে ফাউন্ডেশন বিগত অর্থবছরের ন্যায় এবছরও নিরলসভাবে কাজ করবে মর্মে তিনি জানান। মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও প্রতিমন্ত্রীর অব্যাহত সহযোগিতার জন্য তিনি তাঁদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। সচিব মহোদয়ের দৃঢ় ও সংকল্পদীপ্ত গাইডেন্স এর জন্য মন্ত্রণালয়ের সচিব মহোদয় ও সকল সহকর্মীদেরকে তিনি ধন্যবাদ জানান।

০৪. জনাব কামাল আহমেদ মজুমদার এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, শিল্প মন্ত্রণালয় তাঁর বক্তব্যে এপিএ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে যত্নবান হওয়ার পরামর্শ প্রদান করেন। এছাড়াও পূর্ববর্তী বছরে অর্জিত সাফল্যের সাথে সামঞ্জস্য রেখে পরবর্তী বছরের এপিএ এর লক্ষ্যমাত্রা অর্জনে অর্থাৎ অগ্রগতি এর ধারাবাহিকতা বজায় রাখার আহবান জানান।

০৫. জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন এমপি, মাননীয় মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় তাঁর দিক-নির্দেশনামূলক বক্তব্যে এপিএ বাস্তবায়নে মন্ত্রণালয় থেকে প্রয়োজনীয় সহায়তা অব্যাহত রাখার প্রত্যয় ব্যক্ত করেন। তিনি বলেন এপিএ বাস্তবায়নে সকল দপ্তর/সংস্থা যথাযথভাবে কাজ করে যাচ্ছে। যেসকল প্রতিষ্ঠান লোকসানের সাথে পরিচালিত হচ্ছে সেগুলোকে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করার জোরালো প্রয়াস গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান।

০৬. জনাব কে এম আলী আজম, সচিব, শিল্প মন্ত্রণালয় ধন্যবাদ জ্ঞাপন করে বলেন, শিল্প উন্নয়ন প্রক্রিয়া একটি দেশের সামগ্রীক অর্থনৈতিক উন্নয়নে বিশেষ গুরুত্ব বহন করে। তিনি জানান দেশের প্রতি আমাদের সকলের যে ঋণ রয়েছে সেটি আমাদের সকলের পরিশোধ করতে হবে এবং এক্ষেত্রে শিল্প মন্ত্রণালয়ের কাজ করার এক বিরাট সুযোগ রয়েছে। তিনি সংশ্লিষ্ট সকলকে এলক্ষ্যে একসঙ্গে কাজ করার আহ্বান জানান এবং এপিএ বাস্তবায়নে সময়মত কার্যক্রম বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করেন।

০৭. শিল্প মন্ত্রণালয়ের সচিব মহোদয় দপ্তর/সংস্থার প্রধানগণকে ২০২০-২১ অর্থবছরের এপিএতে স্বাক্ষরকরণ এবং মন্ত্রণালয়ের নির্দিষ্ট শাখায় প্রেরণ সুনিশ্চিতকরণের জন্য অনুরোধ করেন। এপর্যায়ে সকল দপ্তর/সংস্থার প্রধানগণ স্ব স্ব এপিএতে স্বাক্ষর প্রদান করেন। অত:পর সচিব মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে এপিএ স্বাক্ষর অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

০৮. এপর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক ফাউন্ডেশনের এপিএ টিমসহ অন্যান্য উর্ধতন কর্মকর্তাবৃন্দের উপস্থিতিতে সদ্য স্বাক্ষরিত এপিএ বাস্তবায়নের বিষয়ে পর্যালোচনা করেন। তাঁর নির্দেশক্রমে ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মিজ মৌসুমী রায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ এর বিষয়ে সংক্ষিপ্ত ব্রিফিং করেন। তিনি জানান ফাউন্ডেশনের এপিএ ২০২০-২১ এ অন্তর্ভূক্ত বিভিন্ন কার্যক্রমের ভিত্তিতে ১টি চূড়ান্ত ফলাফল অর্জনের লক্ষমাত্রা রয়েছে। তিনি আরো বলেন এপিএ এর রূপকল্প এবং অভিলক্ষ্য বাস্তবায়নে এসএমই ফাউন্ডেশনের ৫টি কৌশলগত উদ্দেশ্যের আওতায় ৩২টি কার্যক্রম ও ৪৬ টি কর্ম সম্পাদন সূচক রয়েছে। এছাড়াও দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের আওতায় ১৪টি কার্যক্রম ও ১৭ টি কর্ম সম্পাদন সূচক রয়েছে মর্মে তিনি অবহিত করেন।

০৯. এবিষয়ে বিস্তারিত আলোচনা শেষে ব্যবস্থাপনা পরিচালক নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেন:

*ক) এপিএ ২০২০-২১ এর বাস্তবায়নে প্রয়োজনীয় বাজেট নির্ধারণ করতে হবে (সংলাগ-১);*

*খ) এপিএ ২০২০-২১ এ অন্তর্ভুক্ত কার্যক্রম ও কর্মসম্পাদন সূচকসমূহের বাস্তবায়নের বিষয়ে উপব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপকবৃন্দ দায়িত্ব প্রাপ্ত হবেন এবং প্রতি মাসের সমন্বয় সভায় তাঁরা এর অগ্রগতি উপস্থাপন করবেন (সংলাগ-১);*

*গ) আগামী দুই সপ্তাহের মধ্যে ফাউন্ডেশনের সকল কর্মকর্তার Individual Action Plan (IAP) প্রনয়ন করতে হবে এবং পরবর্তীতে শিল্প মন্ত্রলায়কে বিষয়টি অবহিত করতে হবে (সংলাগ-২)।*

১০. পরিশেষে ব্যবস্থাপনা পরিচালক সকলকে উপর্যুক্ত নির্দেশনাসমূহ প্রতিপালনে সচেষ্ট থাকার আহ্বান জানান এবং ধন্যবাদ জ্ঞাপন করেন।

29.7.20

**(মোঃ সফিকুল ইসলাম)**
ব্যবস্থাপনা পরিচালক

সংলাগ-০১

**এসএমই ফাউন্ডেশনের ২০২০-২১ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর সেকশন ৩: কার্যক্রম, কর্মসম্পাদন সূচকসমূহের আনুমানিক বাজেট ও কর্মকর্তাদের দায়িত্ববন্টন নিম্নরূপ:**

| কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation method) | একক (Unit) | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target/Criteria Value for FY 2020-21) | আনুমানিক বাজেট (টাকা) | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| [১.১] মেলা আয়োজন | [১.১.১] জাতীয় মেলা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | ৩,১০,০০,০০০ | উপব্যবস্থাপনা পরিচালক |
| | [১.১.২] মোট বিক্রয় | সমষ্টি | সংখ্যা (লক্ষ টাকা) | ৬০০ | - | উপব্যবস্থাপনা পরিচালক |
| | [১.১.৩] মোট অর্ডার | সমষ্টি | সংখ্যা (লক্ষ টাকা) | ৭০০ | - | উপব্যবস্থাপনা পরিচালক |
| | [১.১.৪] আঞ্চলিক মেলা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ৩০ | ৩,৫৫,০০,০০০ | উপব্যবস্থাপনা পরিচালক |
| | [১.১.৫] মোট বিক্রয় | সমষ্টি | সংখ্যা (লক্ষ টাকা) | ৮০০ | - | উপব্যবস্থাপনা পরিচালক |
| | [১.১.৬] মোট অর্ডার | সমষ্টি | সংখ্যা (লক্ষ টাকা) | ৮০০ | - | উপব্যবস্থাপনা পরিচালক |
| [১.২] মেলায় অংশগ্রহণ | [১.২.১] ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | ২৫,০০,০০০ | উপব্যবস্থাপনা পরিচালক |
| | [১.২.২] একুশে বই মেলায় অংশগ্রহণকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | ১,৭০,০০০ | উপব্যবস্থাপনা পরিচালক |
| | [১.২.৩] বিদেশি মেলায় অংশগ্রহণকৃত | সমষ্টি | সংখ্যা | ৪ | ২০,০০,০০০ | উপব্যবস্থাপনা পরিচালক |
| [১.৩] অ্যাডভাইজরি সার্ভিস সেন্টারের মাধ্যমে সেবা প্রদান | [১.৩.১] সেবা গ্রহণকারী উদ্যোক্তা/ব্যক্তি | সমষ্টি | সংখ্যা | ১০০০ | ১,০০,০০০ | উপব্যবস্থাপনা পরিচালক |
| [১.৪] প্রাতিষ্ঠানিক অর্থায়ন সহজীকরণের লক্ষ্যে ব্যাংকার-উদ্যোক্তা | [১.৪.১] অংশগ্রহণকারী উদ্যোক্তা ও আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ | সমষ্টি | সংখ্যা | ৩৫০ | ৯,৫০,০০০ | মহাব্যবস্থাপক-০১ |

| কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation method) | একক (Unit) | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target/Criteria Value for FY 2020-21) | আনুমানিক বাজেট (টাকা) | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ম্যাচমেকিং প্রোগ্রাম / ফাইন্যান্সিং মেলা / কনফারেন্স আয়োজন | [১.৪.২] ঋণ প্রাপ্ত উদ্যোক্তা | সমষ্টি | সংখ্যা | ৪০০ | ১,০০,০০০ (ঋণের প্রস্তাবিত বাজেট ৫০ কোটি টাকা) | মহাব্যবস্থাপক-১ |
| [১.৫] ফাইন্যান্সিয়ালি লিটারেসি প্রোগ্রাম ফর ফিনান্সিয়াল ইন্সটিটিউট | [১.৫.১] ফাইন্যান্সিয়ালি লিটারেটেড উদ্যোক্তা | সমষ্টি | সংখ্যা | ৪০ | ৯,৫০,০০০ | মহাব্যবস্থাপক-১ |
| | [১.৫.২] ফাইন্যান্সিয়ালি লিটারেটেড আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ | সমষ্টি | সংখ্যা | ২০০ | - | মহাব্যবস্থাপক-১ |
| [১.৬] জাতীয় বাজেট এর ওপর প্রস্তাবনা এনবিআর এ প্রেরণ | [১.৬.১] প্রেরিত বাজেট প্রস্তাবনা | সমষ্টি | সংখ্যা | ৫২ | ১৫,০০,০০০ | মহাব্যবস্থাপক-০৩ |
| [১.৭] বিভিন্ন ধরনের লাগসই প্রযুক্তি ও কৌশল চিহ্নিতকরণ এবং হস্তান্তর | [১.৭.১] চিহ্নিত প্রযুক্তি ও কৌশল | সমষ্টি | সংখ্যা | ২০ | ৮,০০,০০০ | মহাব্যবস্থাপক-২ |
| | [১.৭.২] হস্তান্তরকৃত প্রযুক্তি ও কৌশল | সমষ্টি | সংখ্যা | ১০ | | মহাব্যবস্থাপক-২ |
| [১.৮] এসএমই উন্নয়নে জাতীয় এবং আন্তর্জাতিক প্রতিষ্ঠানসমূহের সাথে সংযোগ স্থাপন | [১.৮.১] স্বাক্ষরিত সমঝোতা স্মারক | সমষ্টি | সংখ্যা | ২ | ইনহাউজ | মহাব্যবস্থাপক-৩ |
| | [১.৮.২] ব্যবসায়িক সংযোগ স্থাপিত | সমষ্টি | সংখ্যা | ২ | ইনহাউজ | মহাব্যবস্থাপক-৩ |
| [২.১] নতুন ব্যবসা সৃষ্টি ও ব্যবসা ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ | [২.১.১] প্রশিক্ষণার্থীর সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৩০০ | ১,৫০,০০০ | মহাব্যবস্থাপক-২ |
| [২.২] দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ | [২.২.১] প্রশিক্ষণ গ্রহণকারী উদ্যোক্তা | সমষ্টি | সংখ্যা | ৯০০ | ২৪,০০,০০০ | মহাব্যবস্থাপক-২ |
| [২.৩] হালকা প্রকৌশল সংশ্লিষ্ট | [২.৩.১] প্রশিক্ষণ গ্রহণকারী উদ্যোক্তা | সমষ্টি | সংখ্যা | ৩০ | ৯,০০,০০০ | মহাব্যবস্থাপক-২ |

| কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation method) | একক (Unit) | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target/Criteria Value for FY 2020-21) | আনুমানিক বাজেট (টাকা) | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| কারিগরি প্রশিক্ষণ | | | | | | |
| [২.৪] পাদুকা শিল্পে কারিগরি প্রশিক্ষণ | [২.৪.১] প্রশিক্ষণ গ্রহণকারী উদ্যোক্তা | সমষ্টি | সংখ্যা | ৪০ | ১১,০০,০০০ | মহাব্যবস্থাপক-২ |
| [২.৫] বেকারি শিল্পে সঠিক উৎপাদন রীতি বিষয়ক প্রশিক্ষণ | [২.৫.১] প্রশিক্ষণ গ্রহণকারী উদ্যোক্তা | সমষ্টি | সংখ্যা | ৫০ | ৬,০০,০০০ | মহাব্যবস্থাপক-২ |
| [২.৬] উৎপাদনশীলতা বৃদ্ধির বিভিন্ন কৌশল বিষয়ক প্রশিক্ষণ | [২.৬.১] প্রশিক্ষণ গ্রহণকারী শিল্প প্রতিষ্ঠানের কর্মকর্তা | সমষ্টি | সংখ্যা | ১০ | ৯,০০,০০০ | মহাব্যবস্থাপক-২ |
| [২.৭] তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে প্রশিক্ষণ | [২.৭.১] প্রশিক্ষণ গ্রহণকারী উদ্যোক্তা | সমষ্টি | সংখ্যা | ৭০০ | ৩৫,০০,০০০ | মহাব্যবস্থাপক-৩ |
| [২.৮] এসএমই উন্নয়নে বিভিন্ন সেমিনার আয়োজন | [২.৮.১] আয়োজিত সেমিনার | সমষ্টি | সংখ্যা | ৫৬ | ৩৩,৭০,০০০ | উপব্যবস্থাপনা পরিচালক |
| | [২.৮.২] সেমিনারে অংশগ্রহণকারী | সমষ্টি | সংখ্যা | ১১৫০ | - | উপব্যবস্থাপনা পরিচালক |
| [২.৯] আমদানী রপ্তানী বিষয়ক প্রশিক্ষণ | [২.৯.১] প্রশিক্ষিত উদ্যোক্তা | সমষ্টি | সংখ্যা | ৪০ | ১,৫০,০০০ | মহাব্যবস্থাপক-২ |
| [২.১০] এসএমই প্রশিক্ষণ নির্দেশিকা প্রকাশ | [২.১০.১] এসএমই প্রশিক্ষণ নির্দেশিকা প্রকাশিত | তারিখ | তারিখ | ৩১.১২.২০২০ | ২,০০,০০০ | মহাব্যবস্থাপক-২ |
| [২.১১] অনুন্নত জনগোষ্ঠির সুষম উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ | [২.১১.১] প্রশিক্ষণ গ্রহণকারী দলিত সম্প্রদায়ের উদ্যোক্তা | সমষ্টি | সংখ্যা | ৬০ | ৪,৫০,০০০ | মহাব্যবস্থাপক-২ |
| | [২.১১.২] প্রশিক্ষণ গ্রহণকারী তৃতীয় লিঙ্গাধারী উদ্যোক্তা | সমষ্টি | সংখ্যা | ৬০ | ৪,৫০,০০০ | মহাব্যবস্থাপক-২ |
| [২.১২] উন্নয়নমূলক কার্যক্রমে এসএমই ক্লাস্টার অন্তর্ভুক্তিকরণ | [২.১২.১] উন্নয়নমূলক কার্যক্রম পরিচালিত এসএমই ক্লাস্টার | সমষ্টি | সংখ্যা | ৫ | ৮,৩৩,০০০ | মহাব্যবস্থাপক-২ |
| [৩.১] নারী | [৩.১.১] প্রশিক্ষিত | সমষ্টি | সংখ্যা | ১৪০ | ১৮,০০,০০০ | মহাব্যবস্থাপক- |

| কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation method) | একক (Unit) | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target/Criteria Value for FY 2020-21) | আনুমানিক বাজেট (টাকা) | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| উদ্যোক্তাদের বিশেষায়িত ব্যবসায়িক প্রশিক্ষণ প্রদান | নারী উদ্যোক্তা | | | | | ২ |
| [৩.২] নারী উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের বাজারজাতকরণ ব্যবস্থা | [৩.২.১] আয়োজিত Buyer-Supplier ম্যাচমেকিং প্রোগ্রাম | সমষ্টি | সংখ্যা | ১ | ৮,০০,০০০ | মহাব্যবস্থাপক-২ |
| [৩.৩] জেন্ডার সেনসিডাইজেশন প্রোগ্রাম ফর ব্যাংকার্স | [৩.৩.১] জেন্ডার সেনসিডাইজড উদ্যোক্তা | সমষ্টি | সংখ্যা | ৬৫ | ২,২৫,০০০ | মহাব্যবস্থাপক-২ |
| | [৩.৩.২] জেন্ডার সেনসিডাইজড আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ | সমষ্টি | সংখ্যা | ৬৫ | - | মহাব্যবস্থাপক-২ |
| [৪.১] গবেষণা কার্যক্রম পরিচালনা | [৪.১.১] প্রণীত গবেষণা | সমষ্টি | সংখ্যা | ৩ | ৫৫,০০,০০০ | মহাব্যবস্থাপক-৩ |
| [৪.২] আন্তর্জাতিক এসএমই জার্নাল প্রকাশ | [৪.২.১] জার্নাল প্রকাশিত | তারিখ | তারিখ | ৩০.০৬.২১ | ৪,২০,০০০ | মহাব্যবস্থাপক-৩ |
| [৪.৩] এসএমই নিউজ লেটার প্রকাশ | [৪.৩.১] প্রকাশিত নিউজ লেটার | সমষ্টি | সংখ্যা | ৪ | ১,৫০,০০০ | উপব্যবস্থাপনা পরিচালক |
| [৪.৪] "শিল্পায়নে বঙ্গবন্ধু" শীর্ষক সেমিনার আয়োজন | [৪.৪.১] আয়োজিত সেমিনার | সমষ্টি | সংখ্যা | ১ | ৬,০০,০০০ | মহাব্যবস্থাপক-৩ |
| [৪.৫] বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে জার্নাল প্রকাশ | [৪.৫.১] জার্নাল প্রকাশিত | তারিখ | তারিখ | ৩১.০১.২১ | ৯,৮০,০০০ | মহাব্যবস্থাপক-৩ |
| [৫.১] দেশে আয়োজিত উপযুক্ত প্রশিক্ষণে কর্মকর্তাগনের অংশগ্রহণ | [৫.১.১] সক্ষমতা বৃদ্ধিকল্পে দেশীয় প্রশিক্ষণে অংশগ্রহণকৃত | সমষ্টি | সংখ্যা | ১০ | ৪,৫০,০০০ | মহাব্যবস্থাপক-৩ |
| [৫.২] সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিদেশে | [৫.২.১] সক্ষমতা বৃদ্ধিকল্পে বৈদেশিক | সমষ্টি | সংখ্যা | ২ | ১২,০০,০০০ | মহাব্যবস্থাপক-৩ |

| কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation method) | একক (Unit) | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target/Criteria Value for FY 2020-21) | আনুমানিক বাজেট (টাকা) | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| উপযুক্ত প্রশিক্ষণে কর্মকর্তা প্রেরণ | প্রশিক্ষণে অংশগ্রহণকৃত | | | | | |
| [৫.৩] শূন্য পদ পূরণ | [৫.৩.১] সরাসরি ও পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য শূন্য পদ পূরণকৃত | গড় | % | ১০০ | - | মহাব্যবস্থাপক-৩ |
| [৫.৪] ফাউন্ডেশনের কর্মকর্তাদের IAP প্রণয়ন | [৫.৪.১] কর্মকর্তাদের IAP প্রণীত | গড় | % | ১০০ | - | মহাব্যবস্থাপক-৩ |
| **মোট: ১০,২৬,৯৮,০০০.০০** | | | | | | |

**এসএমই ফাউন্ডেশনের ২০২০-২১ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ২০২০-২১ এর কার্যক্রম, কর্মসম্পাদন সূচকসমূহের আনুমানিক বাজেট ও কর্মকর্তাদের দায়িত্ববন্টন নিম্নরূপ:**

| কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | লক্ষ্যমাত্রার মান ২০২০-২১ | আনুমানিক বাজেট (টাকা) | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন। | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ৪ | ইন হাউজ | মহাব্যবস্থাপক-৩ |
| | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১২ | ইন হাউজ | মহাব্যবস্থাপক-৩ |
| [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ৪ | ইন হাউজ | মহাব্যবস্থাপক-৩ |
| [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ৪ | ইন হাউজ | মহাব্যবস্থাপক-৩ |
| [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ৪ | ইন হাউজ | মহাব্যবস্থাপক-৩ |
| [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ৪ | ইন হাউজ | মহাব্যবস্থাপক-৩ |
| [২.১]ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত | % | ৮০ | ইন হাউজ | মহাব্যবস্থাপক-৩ |
| [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | সংখ্যা | ১৫-২-২১ | - | মহাব্যবস্থাপক-৩ |
| [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | সংখ্যা | ২৫-২-২১ | - | মহাব্যবস্থাপক-৩ |

| কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | লক্ষ্যমাত্রার মান ২০২০-২১ | আনুমানিক বাজেট (টাকা) | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ৫০ | ৪,৫০,০০০ | মহাব্যবস্থাপক-৩ |
| | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ৫ | - | মহাব্যবস্থাপক-৩ |
| [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | - | মহাব্যবস্থাপক-৩ |
| [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১০০ | ইন হাউজ | মহাব্যবস্থাপক-৩ |
| [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | % | ১০০ | - | মহাব্যবস্থাপক-১ |
| [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত | % | ৮০ | - | মহাব্যবস্থাপক-১ |
| | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ৫০ | - | মহাব্যবস্থাপক-১ |
| [৩.৪] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ | [৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা মন্ত্রণালয়/বিভাগে প্রেরিত | তারিখ | ১৫-১২-২০ | ইন হাউজ | মহাব্যবস্থাপক-১ |
| **মোট: ৪,৫০,০০০** | | | | | |

**এপিএ ২০২০-২১ বাস্তবায়নে আনুমানিক ব্যয় দশ কোটি একত্রিশ লক্ষ আটচল্লিশ হাজার টাকা (মাত্র)।**

## এসএমই ফাউন্ডেশনের কর্মকর্তাগণের ব্যক্তিকেন্দ্রিক কর্মপরিকল্পনা (Individual Action Plan), ২০২০-২০২১ এর ছক

**কর্মকর্তার নাম:** **পদবী:**

| ক্র. নং | কর্মসম্পাদনযোগ্য কাজ (রুটিন বা বিশেষ দায়িত্ব) গুরুত্ব অনুসারে ক্রম নির্ধারণ করুন | কর্মকৃতি নির্দেশক | একক | ২০১৯-২০ এর লক্ষ্যমাত্রা ও অর্জন | | **২০২০-২০২১ এর** লক্ষ্যমাত্রা (বিকল্প লক্ষ্যমাত্রাসহ) | | | | | | | প্রকৃত অর্জন | বৎসর শেষে অথবা পর্যালোচনা সময় পর্যন্ত প্রদত্ত/ প্রাপ্ত নম্বর (১০-৪) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | লক্ষ্য মাত্রা | অর্জন | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ৫ | ৪ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ১. | | | | | | | | | | | | | | |
| ২. | | | | | | | | | | | | | | |
| ৩ | | | | | | | | | | | | | | |
| ৪. | | | | | | | | | | | | | | |
| ৫. | | | | | | | | | | | | | | |
| ৬ | | | | | | | | | | | | | | |

অনির্ধারিত/পরিমাপ অযোগ্য কাজ (যদি থাকে)

| |
|---|
| |

কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ

তদারককারী/উর্ধ্বতন কর্মকর্তার নাম, পদবী ও স্বাক্ষর